



তারিখঃ ১২/০১/২০১৭

ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি)'র ইনোভেশন টিমের ২০১৭ সালের বার্ষিক কর্মপরিকল্পনা

ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি) জীবপ্রযুক্তি বিষয়ে একটি জাতীয় প্রতিষ্ঠান। জীবপ্রযুক্তি বিষয়ে গবেষণা এবং উন্নয়ন কর্মকান্ড সুষ্ঠুভাবে পরিচালনা ও দক্ষ জনশক্তি সৃষ্টিসহ জাতীয় পর্যায়ে জীবপ্রযুক্তির ইতিবাচক উন্নয়ন ও প্রয়োগই এনআইবি'র উদ্দেশ্য। এনআইবি'র প্রতিটি গবেষণা কর্মকান্ডই উদ্ভাবনীমূলক। নাগরিক সেবা সহজীকরণ এবং অভ্যন্তরীণ কাজের গতিশীলতা বৃদ্ধির বিষয়গুলো বিবেচনায় নিয়ে এনআইবি'র ইনোভেশন টিমের নিম্নরূপ বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করা হলো-

**ক. গবেষণা:**

১. জীবপ্রযুক্তি ব্যবহার করে নতুন প্রযুক্তি উদ্ভাবনের নিমিত্ত গবেষণা কার্যক্রম পরিচালনায় উদ্বুদ্ধকরণ।

**খ. প্রশিক্ষণ:**

১. দক্ষতা বৃদ্ধির মাধ্যমে গবেষণা কাজ সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত বিজ্ঞানীদের জন্য বিষয়ভিত্তিক প্রশিক্ষণ।
২. কাজের দক্ষতা বৃদ্ধির জন্য বৈজ্ঞানিক সহকারী ও ল্যাবরেটরী সহগামীদের সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ।
৩. দক্ষতার সহিত কম্পিউটার ব্যবহার, সংশ্লিষ্ট ক্ষেত্রে সাইবার নিরাপত্তা ব্যবস্থাপনা, ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ।

**গ. অভ্যন্তরীণ সুযোগ সুবিধা উন্নয়ন:**


১. জাতীয় ই-সেবা সিস্টেমের আওতায় এনআইবি'র ইনোভেশন টিমের কার্যক্রম ইন্টারনেট ভিত্তিক বা অনলাইনভিত্তিক করার উদ্যোগ গ্রহণ।
২. পর্যায়ক্রমে সকল বিজ্ঞানীসহ প্রয়োজনীয় সকলের জন্য কম্পিউটার সংস্থানের উদ্যোগ গ্রহণ।

**ঘ. নাগরিক সেবা সহজীকরণ:**

১. তথ্য সেবা প্রদানের জন্য ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ।
২. দেশ বিদেশে কর্মরত জীবপ্রযুক্তি বিষয়ক বাংলাদেশী গবেষকগণের জন্য ওয়েব ভিত্তিক ডাটাবেস প্রণয়ন।
- ✓ ৩. এলোভেরা (ঘাতকুমারি) চাষ, প্রক্রিয়াজাতকরণ, বিপণন, ইত্যাদি বিষয়ক সকল তথ্যাদিসমৃদ্ধ ওয়েবপেজ গঠন।
৪. অনলাইন সেবা প্রদানের সংখ্যা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ।

**ঙ. অন্যান্য**

১. নিয়মিত মাসিক সভা অনুষ্ঠান ও কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ।
২. আইসিটি সংক্রান্ত টাঙ্কফোর্সের নির্দেশনা মোতাবেক নিয়মিত ত্রৈমাসিক রিপোর্ট প্রেরণ।
৩. ডিজিটাল মেলায় অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় ডকুমেন্ট প্রস্তুতকরণ।

  
ড. জাহাঙ্গীর আলম  
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা  
ও  
ইনোভেশন অফিসার  
ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি